# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০২৮

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - নাবী (ﷺ) এর স্ত্রীদের মাহরানার পরিমাণ

আরবী

وَعَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ; أَنَّهُ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ كَمْ كَانَ صَدَاقُ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَتْ: كَانَ صَدَاقُهُ لِأَزْوَاجِهِ ثِنْتَيْ عَشْرَةَ أُوقِيَّةً وَنَشًّا. قَالَتْ: أَتَدْرِي مَا النَّشُّ قَالَ: قُلْتُ: لَا. قَالَتْ: نِصْفُ أُوقِيَّةٍ. فَتِلْكَ خَمْسُمِائَةِ دِرْهَمٍ, فَهَذَا صَدَاقُ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ لِأَزْوَاجِهِ. رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (1426)

বাংলা

১০২৮. আবূ সালামাহ ইবনু 'আবদুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেছেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী 'আয়িশা (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলাম— নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (বিবিদের জন্য) কি পরিমাণ মাহরানা দিয়েছিলেন? 'আয়িশা (রাঃ) বলেছেন- সাড়ে বারো উকিয়াহ বা স্বর্ণমুদ্রা পরিমাণ মাহরানা তিনি তাঁর স্ত্রীদের জন্য দিয়েছিলেন এবং নাশশ। আয়িশা (রাঃ) বলেন, নাশশ কি তা জান? রাবী বলেন, আমি বললাম, না। তিনি বললেন, অর্ধ উকিয়াহ বা স্বর্ণ মুদ্রা। এগুলো যা রৌপ্য মুদ্রার পাঁচশত দিরহামের সমান। এটাই ছিল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিবিদের জন্য মাহরানা।[1]

ফুটনোট

[1] মুসলিম ১৪২৬, নাসায়ী ৩৩৪৭, আবূ দাউদ২১০৫, ইবনু মাজাহ ১৮৮৬, আহমাদ ২৪১০৫, দারেমী ২১৯৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70839

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন